

বইমেলার প্রস্তুতি শুরু

## প্রকাশকদের অগ্নিবীমা বাধ্যতামূলক

■ এসএম মুন্সারী  
দেশে রাজনৈতিক অস্থিরতা বিরাজ  
করুক আর, নাই করুক, যথাসময়ে  
অমর একুশে বইমেলা আয়োজনে  
দৃঢ়প্রতিজ্ঞ বাংলা একাডেমি। এরই  
মধ্য শুরু হয়ে গেছে লেখক, পাঠক,  
প্রকাশক আর সংস্কৃতিপ্রিয় মানুষের  
প্রাণের মেলা অমর একুশে  
গ্রন্থমেলা'র প্রস্তুতি। বাংলা  
একাডেমির আয়োজনে মাসব্যাপী  
এই মেলা যথারীতি ১ ফেব্রুয়ারি  
থেকে শুরু হবে। মেলার উদ্বোধন  
করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।  
তবে এখনও মেলার পরিধি  
কতটুকু বিস্তৃত হবে, তা চূড়ান্ত  
হয়নি। গত বছর মেলার উদ্বোধনী  
অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা  
একাডেমির মহাপরিচালক  
শামসুজ্জামান খানকে পরামর্শ  
দিয়েছিলেন মেলাটি সোহরাওয়ার্দী  
উদ্যান পর্যন্ত বিস্তৃত করে পরিধি  
বাড়ানোর। সেই মোতাবেক  
একাডেমি তার কাজ এগিয়ে নিয়ে  
যাচ্ছে। সংস্কৃতি বাংলা একাডেমির  
সঙ্গে মেলা নিয়ে বৈঠকে বসেন  
শীর্ষস্থানীয় কয়েকজন প্রকাশক।  
ওই বৈঠকে বইমেলার নিরাপত্তা ও  
পরিধি বাড়ানোর বিষয়  
জোরালোভাবে আলোচিত হয় বলে  
সমকালকে জানান সময় প্রকাশনের  
প্রধান নির্বাহী ফরিদ আহমেদ।

মেলা কমিটি সূত্র জানায়, এ বছর  
মেলায় অংশ নেওয়া ষ্টলগুলোর  
ক্ষেত্রে নতুন একটি শর্ত আরোপ  
করা হতে পারে- মেলার যারা অংশ  
নেবেন, তাদের অবশ্যই অগ্নিবীমা  
করা থাকতে হবে। অগ্নিবীমা যাদের  
থাকবে, না, তাদের অংশগ্রহণ  
অনিশ্চিত হয়ে পড়বে। তা ছাড়া  
প্রকাশনীতলো থেকে বেরোনো  
প্রতিটি নতুন বইয়ের একটি করে  
কপি আর্কাইভ ও জাতীয়  
গণগ্রন্থাগারে জমা দিতে হবে।

বাংলা একাডেমির সমন্বয় ও  
জন্মসংযোগ উপবিভাগের উপ-  
পরিচালক মুর্শিদুদ্দিন আহম্মদ  
সমকালকে বলেন, মেলার প্রস্তুতি  
শুরু হয়ে গেছে। মেলার পরিধি  
একাডেমির ভেতর না কি তার  
সংলগ্ন এলাকা পর্যন্ত বিস্তৃত হবে, তা

এখনও সিদ্ধান্ত হয়নি। আগামী ৬  
জানুয়ারি মেলা কমিটির বৈঠকে এ  
বিষয়টি চূড়ান্ত হতে পারে।